



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৭ম তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং - ৪৭.৬২.০০০০.৯৬১.০০.২১৯.১৩- ২৭৫৫

তারিখঃ ০৭/৫/২০১৫ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ প্রকল্প বাস্তবায়নে অনিয়ম করায় কৈফিয়ত তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের (সংশোধিত) পল্লী উন্নয়ন কর্মকর্তার সরাসরি তত্ত্বাবধানে প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তার মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। সরেজমিনে অভয়নগর উপজেলায় প্রকল্পের সকল কার্যক্রম পর্যালোচনা ও যাচাইকালে নিম্নোক্ত অনিয়মের তথ্য উৎঘাটিত হয় যার বিবরণ নিম্নরূপঃ


ক) উপজেলায় ভূয়া সমিতি গঠন করে প্রকল্প হতে ঋণ বিতরণ দেখিয়ে উক্ত টাকা বাজারে বিনিয়োগ; একই মহিলাকে একাধিক সমিতিতে সদস্য দেখিয়ে ঋণ বিতরণ; উপজেলার স্থায়ী বাসিন্দা নন এমন অস্থায়ী/ভাসমান লোককে ঋণ প্রদান করা;

খ) ঋণের সেবামূল্য আদায়ের ক্ষেত্রে প্রকল্প নির্দেশিত ১১% সেবামূল্যের বিপরীতে সদস্যদের নিকট হতে ২২% বা ক্ষেত্রমতে তার বেশী সেবামূল্য আদায় এবং আদায়কৃত অতিরিক্ত অর্থ প্রকল্প তহবিলে জমা না করা; অসৎ উদ্দেশ্যে সমিতির সাংগঠনিক নথিপত্র এবং ঋণ কার্যক্রমের নথিপত্র যথাযথভাবে সংরক্ষণ না করা; সদস্য অন্তর্ভুক্তি ও ঋণ বিতরণে জাতীয় পরিচয় পত্রের অনুলিপি সংরক্ষণ না করে ভূয়া জন্ম সনদ/ইউপি চেয়ারম্যানের সনদ রেখে ঋণ বিতরণ করা;

গ) ম্যানেজার কমিশন প্রদানে অনিয়ম; ভূয়া সদস্যদের নামে ঋণ বিতরণ দেখিয়ে মাঠ সংগঠককে ঋণ প্রদান; সমিতিতে ভূয়া ঋণ গ্রহীতা দেখিয়ে একই ব্যক্তিকে ৫০,০০০/- থেকে ১,০০,০০০/- টাকা পর্যন্ত ঋণ প্রদান; মাসিক রিপোর্টে উপজেলার বিপুল পরিমাণ কিস্তি খেলাপীর প্রকৃত তথ্য দীর্ঘদিন যাবৎ গোপন রাখা ইত্যাদি।

ঘ) প্রকল্পের সদর দপ্তরের নির্দেশনা অমান্য করে সমিতি পরিদর্শন না করে মাঠ সংগঠক কর্তৃক ভূয়া সমিতি গঠনের জন্য প্রকল্পের মাঠ সংগঠকদের ঋণ বিতরণ করার জন্য চাপ প্রয়োগ করা, সমিতির সদস্যদের সাথে অসৌজন্য আচরণ করা এবং অফিস শৃংখলা পরিপন্থী কর্মকান্ড সংগঠিত হয়েছে।

এমতাবস্থায়, বর্ণিত অনিয়ম, চাকুরী বিধি পরিপন্থী কাজে লিপ্ত থাকায় আপনাকে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পের সফল বাস্তবায়নের স্বার্থে কেন স্থায়ীভাবে চাকুরী হতে অব্যাহতি প্রদান করা হবে না তার ব্যাখ্যা আগামী ১৭/৫/২০১৫ খিঃ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারীর নিকট দাখিলের জন্য নির্দেশ দেয়া হলো। উল্লিখিত সময়সীমার মধ্যে জবাব দাখিল করতে ব্যর্থ হলে কর্তৃপক্ষ কর্তৃক একতরফা সিদ্ধান্ত নেয়া হবে।



প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।

জনাব, রেহেনা পারভীন

সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা

(সাময়িক বরখাস্তকৃত উপপরিচালকের কার্যালয়, বিআরডিবি, যশোরে সংযুক্ত।)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) অভয়নগর, যশোর।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, অভয়নগর, যশোর।
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ যশোর।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস কপি/সংশ্লিষ্ট নথি।